

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

বিষয় : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর ইনোভেশন টিমের ১৮.০২.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।  
তারিখ : ১৮.০২.২০১৯ খ্রি.  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভা কক্ষ।  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভাপতিত্বে ১৮.০২.২০১৯ খ্রি. তারিখে বিএমডি'র সভাকক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

## ২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিএমডিতে উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে সরকার উদ্ভাবন চর্চার উপর গুরুত্বারোপ করেছে। এ লক্ষ্যে সরকারি বিভিন্ন দপ্তরে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সেবা প্রদানকে আরও সহজীকরণ ও জনবান্ধব করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২.২ ইনোভেশন টিমের সদস্য সচিব ও সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোসাঃ মাহবুবা খাতুন সভায় জানান যে, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ হিসেবে এক নজরে খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত) সংক্রান্ত তথ্য জানার জন্য ওয়েব বেইজ এপ্লিকেশন 'খনিজ তথ্য কণিকা' যথাসময়ে তৈরি করা হয়েছে এবং এপ্লিকেশনটিকে বিএমডি'র ওয়েবসাইটে ([www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)) লিংকআপ করে দেয়া হয়েছে (এপ্লিকেশনটির লিংক [www.mic.bomd.gov.bd](http://www.mic.bomd.gov.bd))। উদ্যোগটি বাস্তবায়নের ফলে খনিজ সম্পদ সংক্রান্ত তথ্য এক নজরে ও সহজেই জানা সম্ভব হচ্ছে। সফলভাবে উদ্যোগটি বাস্তবায়ন হওয়ায় সভায় উপস্থিত সকলেই সন্তোষ প্রকাশ করেন।


২.৩ ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে আরও অবহিত করেন যে, খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার রেজিস্টার সংরক্ষণের বিধান রয়েছে বিধায় বিএমডি'র ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ উদ্যোগটি বাস্তবায়ন করা হলে বিএমডি'র অভ্যন্তরীণ একটি ই-সেবা তৈরি হবে। এটি বাস্তবায়ন সম্ভব হলে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা সংক্রান্ত তথ্যের একটি ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি হবে ফলে কাগজের ব্যবহার কমবে এবং সহজেই এ সংক্রান্ত তথ্য/রিপোর্ট পাওয়া যাবে।

সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর ৯, ১০ ও ১৩ তফসিল এ নির্ধারিত রেজিস্টার তিনটি ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ হিসেবে তৈরির জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩.০ সিদ্ধান্ত:

- (ক) ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরির জন্য অনতিবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে।  
(খ) নতুন নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মামুনের রশীদ  
উপপরিচালক

ও


সভাপতি, ইনোভেশন কমিটি।

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.০৮৮

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৫  
২৪ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা।  
২। সংশ্লিষ্ট নথি।

  
২৪.০২.১৯  
মো: মামুনের রশীদ  
উপপরিচালক